দৈনিক ইত্তেফাক

তারিখ ... 29 JUN 1994
পৃষ্ঠা 7 কলাম 5

19

# অনির্দিষ্টকালের জন্য ঢাকা মেডিকেল কলেজ বন্ধ ঘোষণা

স্টাফ রিপোর্টার ।। ঢাকা মেডিকেল কলেজে ছাত্র-ছাত্রীদের অবিরাম ধর্মঘটের গতকাল (সোমবার) প্রথম দিন অতিবাহিত হয়। গতকাল উক্ত মেডিকেল কলেজ একাডেমিক কাউন্সিলের এক সভায় ঢাকা মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিকাল ৫টার মধ্যে ছাত্রদের হোস্টেল ত্যাগ করার নির্দেশ দেওয়া হয়। মেডিকেল কলেজ বন্ধ ঘোষণা ও হোস্টেল ত্যাগের নির্দেশের প্রেক্ষিতে সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ বলিয়াছেন, মেডিকেল কলেজ অধ্যক্ষের কোন নির্দেশ ছাত্র-ছাত্রীরা মানিবে না এবং অধ্যক্ষের অপসারণ, ছাত্র ফেরদৌসের মৃত্যুর জন্য দায়ী ঘাতক ট্রাক

(শেষ পৃ: ৭-এর ক: দ্র:)

## মেডিকেল কলেজ বন্ধ

( ১ম পৃ: পর )

চালকের বিচার, কলেজে সন্ত্রাসী হামলাকারীদের বিচার ও মেডিকেল কলেজ ক্যাম্পাসে অবৈধ বসবাসকারীদের উচ্ছেদ না করা পর্যন্ত অবিরাম ধর্মঘট অব্যাহত থাকিবে। সকাল ১১টায় নিহত মেডিকেল ছাত্র তানভীর আহমদ ফেরদৌসের লাশ ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গণে আনা হয়। ঐসময় কলেজ অধ্যক্ষ লাশ দেখিতে গেলে ছাত্রদের বাধার মুখে তিনি ফিরিয়া আসেন। কলেজ প্রাঙ্গণে ফেরদৌসের নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। পরে সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতৃত্বে কলেজ হইতে একটি মৌন মিছিল প্রেসক্লাবে যায়। সেখানে ছাত্র-ছাত্রীদের সমাবেশে ঢাকা মেডিকেল কলেজ ছাত্র সংসদের ভিপি মোস্তাফিজুল আজিজ জামী ও জি এস এম এ আলিম, সমাজকল্যাণ সম্পাদক ফিরোজ হোসেন ঢাকা মেডিকেল কলেজ শাখা ছাত্রদলের সভাপতি মহিউদ্দিন মাসুম ও সাধারণ সম্পাদক মাজহার, ছাত্রলীগ (ম-ই) সভাপতি বশির আহমদ বাদল ও সাধারণ সম্পাদক মশিকুর রহমান বিটু, ছাত্রলীগ ( জাসদ ) সাধারণ সম্পাদক কামরুল হুদা বাপ্পী ও ছাত্র ইউনিয়নের সভাপতি নুরুল হুদা প্রমুখ বক্তব্য রাখেন। সমাবেশ শেষে ঘাতক ট্রাক চালকের দৃষ্টান্তমূলক শাস্তি ও ঢাকা মেডিকেল কলেজে সন্ত্রাসী হামলার বিচারের দাবীতে স্বরাষ্ট্রমন্ত্রীর নিকট নেতৃবৃন্দ একটি স্মারকলিপি পেশ করেন। বেলা সোয়া ১টায় বক্সীবাজার মোড়ে মেডিকেল কলেজ ছাত্র ও পুলিশের মধ্যে একদফা সংঘর্ষ হয়।

মেডিকেল শিক্ষক সমিতি স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ শাখার সভাপতি অধ্যাপক তোফায়েল আহমদ ও সাধারণ সম্পাদক ডা: ইকবাল আসলাম, মেডিকেল শিক্ষক সমিতি ঢাকা মেডিকেল কলেজ শাখার সাধারণ সম্পাদক ডা: এজেডএম জাহিদ হোসেন ডক্টরস এসোসিয়েশন অব বাংলাদেশ ঢাকা মেডিকেল কলেজ শাখার ডা: এ কে এম ফজলুল হক মজনু, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন কেন্দ্রীয় সংসদের কাজী সাজ্জাদ জহির চন্দন ও আসলাম খান পৃথক পৃথক বিবৃতিতে ঢাকা মেডিকেল কলেজের মেধাবী ছাত্র ফেরদৌসের মৃত্যুতে শোক প্রকাশ করেন এবং ঘাতক ট্রাক চালকের শাস্তির দাবী জানান।